

ব্যাংকসমূহে হিসাব খোলার ফরম ও কেওয়াইসি প্রোফাইল এর বিষয়ে সাধারণ নির্দেশনা

১. 'ব্যক্তি' বলতে প্রাকৃতিক ব্যক্তি বুঝাবে।
২. ফরমের প্রতি পৃষ্ঠায় ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের স্বাক্ষর/অনুস্বাক্ষর থাকতে হবে।
৩. ফরমের প্রতিটি অংশ পূরণ করতে হবে। কোন অংশের তথ্য না থাকলে বা প্রযোজ্য না হলে তা উল্লেখ করতে হবে।
৪. প্রাতিষ্ঠানিক হিসাবের ক্ষেত্রে, ভিন্নরূপ নির্দেশনা না থাকলে, ট্রেড লাইসেন্স গ্রহণ করতে হবে।
৫. পার্টনারশিপ প্রতিষ্ঠানের হিসাবের ক্ষেত্রে পার্টনারশিপ ডিড গ্রহণ করতে হবে।
৬. কোম্পানির হিসাবের ক্ষেত্রে সার্টিফিকেট অব ইনকর্পোরেশন, আর্টিকেলস অব এসোসিয়েশন, মেমোরেণ্ডাম অব এসোসিয়েশন, বোর্ডের সভায় গৃহীত আনুষ্ঠানিক সিদ্ধান্ত (resolution), পরিচালক সম্পর্কিত ঘোষণা গ্রহণ করতে হবে। এছাড়া, কোম্পানির সর্বোচ্চ শেয়ারধারী ন্যূনতম ৫ জন পরিচালক বা যেসব ক্ষেত্রে ৫ জনের কম সেক্ষেত্রে সকলের/অন্যান্য প্রযোজ্য ক্ষেত্রে নির্বাহী কমিটির সদস্যগণের ব্যক্তি সংক্রান্ত তথ্য সংগ্রহ করতে হবে। (কোম্পানি বা তার পরিচালকগণের বিষয়ে প্রয়োজনে তথ্যাদির সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস্ এর সাহায্য গ্রহণ করা যেতে পারে। বাংলাদেশের বাইরে নিবন্ধিত কোম্পানির ক্ষেত্রে নিবন্ধন দলিলাদি যে স্থান হতে ইস্যুকৃত হয়েছে, প্রয়োজনে সেখানে যোগাযোগ করে দলিলাদির যথার্থতা সম্পর্কে নিশ্চিত হওয়া যেতে পারে)।
৭. সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের বা তাদের অধীনে পরিচালিত প্রকল্পের হিসাব খোলা ও পরিচালনার জন্য সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতিপত্রসহ হিসাব পরিচালনাকারীর "ব্যক্তি সংক্রান্ত তথ্যাদি" যথাযথভাবে পূরণ করতে হবে।
৮. ক্লাব/সোসাইটির হিসাবের ক্ষেত্রে পরিচালনা পর্ষদ, বাই-লজ বা সংবিধান, হিসাব খোলার রেজল্যুশন, রেজিস্টার্ড হলে সরকারী অনুমোদনপত্র ইত্যাদিসহ সংশ্লিষ্ট সভাপতি, সম্পাদক, কোষাধ্যক্ষ ও অন্যান্য হিসাব পরিচালনাকারীর "ব্যক্তি সংক্রান্ত তথ্যাদি" যথাযথভাবে পূরণ করতে হবে।
৯. সমবায় সমিতি/লিমিটেড সোসাইটির হিসাবের ক্ষেত্রে কো-অপারেটিভ কর্মকর্তা কর্তৃক সত্যায়িত বাই-লজ, অফিস কর্মকর্তাদের (office bearers) বিবরণ, হিসাব খোলার বিষয়ে সিদ্ধান্ত (resolution), সার্টিফিকেট অব রেজিস্ট্রেশন ইত্যাদিসহ সংশ্লিষ্ট হিসাব পরিচালনাকারীর বিষয়ে "ব্যক্তি সংক্রান্ত তথ্যাদি" যথাযথভাবে পূরণ করতে হবে।
১০. বেসরকারী স্কুল, কলেজ, মাদ্রাসার হিসাবের ক্ষেত্রে গভর্নিং বডি বা ম্যানেজিং কমিটির সদস্যগণের পূর্ণ পরিচিতি, হিসাব খোলার বিষয়ে সিদ্ধান্ত (resolution) ইত্যাদিসহ সংশ্লিষ্ট হিসাব পরিচালনাকারীর বিষয়ে "ব্যক্তি সংক্রান্ত তথ্যাদি" যথাযথভাবে পূরণ করতে হবে।
১১. ট্রাস্ট হিসাবের ক্ষেত্রে ডিড অব ট্রাস্ট এর সার্টিফাইড কপি, ট্রাস্টি বোর্ড এর সদস্যগণের পূর্ণ পরিচিতি, হিসাব খোলার বিষয়ে সিদ্ধান্ত (resolution) ইত্যাদিসহ সংশ্লিষ্ট হিসাব পরিচালনাকারীর বিষয়ে "ব্যক্তি সংক্রান্ত তথ্যাবলী" যথাযথভাবে পূরণ করতে হবে।